110

দৈনিক সংবাদ


তারিখ ... APR 27 1999 ...

পৃষ্ঠা ৪ কলাম ?

## দেশের মাদ্রাসা নামে শিক্ষা প্রতিষ্ঠানে জাতির পিতার ছবি টাঙ্গানো প্রসঙ্গে

বর্তমান স্বাধীনতা স্বপক্ষ দল আওয়ামী লীগ সরকারের ক্ষমতারোহণের প্রাথমিক পর্যায়ে মন্ত্রী পরিষদের এক সিদ্ধান্ত মোতাবেক দেশের সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি টাঙ্গানোর বিষয়ে আদেশ জারি হয়। দুঃখের বিষয় যে সরকার নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এই আদেশ কার্যকর হচ্ছে না বলে নিম্নস্বাক্ষরকারীর গোচরে এসেছে একটি উদাহণ তুলে ধরছি।

টাঙ্গাইল জেলার ভুয়াপুর থানাধীন গোবিন্দাসী ইউনিয়নের অন্তরগত রাউৎ বাড়ি সিনিয়র মাদ্রাসায় ঐ আদেশ কার্যকর হয়নি। আমার নিজের গ্রামের বাড়ি মাদ্রাসার পাশেই। এই ব্যাপারে মাদ্রাসার সুপারকে বঙ্গবন্ধুর ছবি মাদ্রাসা অফিসে না টাঙ্গানোর কারণ জিজ্ঞাসা করায় তিনি উত্তর দেন "মাদ্রাসা শিক্ষা বোর্ডের পক্ষ থেকে ঐ ধরনের কোন নির্দেশ পাই নাই।"। কর্তৃপক্ষের নিকট বিনীত জিজ্ঞাসা উক্ত মাদ্রাসা শিক্ষা বোর্ড কি মন্ত্রী পরিষদের আওতার বাইরে? উক্ত মাদ্রাসাটি যে এলাকায় অবস্থিত সেই এলাকার স্থানীয় এমপি, সরকারি দলের একজন স্বনামধন্য ব্যক্তি। মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটির



পদাধিকার বলে নিযুক্ত সভাপতি স্থানীয় টিএনও, টাঙ্গাইল জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা প্রশাসক ও স্থানীয় এমপি, সাহেবের সুদৃষ্টি কামনা করছি। একই সঙ্গে জাতীয় পর্যায়ে সদাশয় সরকারের উপযুক্ত কর্তৃপক্ষকে এতদ্বিষয়ক দেশের অন্যান্য পর্যায়ে এহেন ঘটনা তদন্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিনীত অনুরোধ জানাচ্ছি।

ফরিদুল আলম তালুকদার
মুক্তিযোদ্ধা/এডভোকেট
৯৫, সবুজবাগ, ঢাকা-১২১৪